



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ

(ঢাকা ওয়াসা)

ওয়াসা ভবন, ৯৮ কাজী নজরুল ইসলাম এভিনিউ
কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধিত)

১. ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক পদে ৩ (তিন) বছর মেয়াদে চুক্তিভিত্তিক নিয়োগের জন্য বাংলাদেশী সুস্বাস্থ্যের অধিকারী ন্যূনতম স্নাতকোত্তর বা বিএসসি (ইঞ্জিনিয়ারিং) বা সমমানের ডিগ্রিধারী যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। তবে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/স্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীতে কর্মরত আছেন বা ছিলেন এমন প্রার্থীদের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল-২০১৫ এর ন্যূনপক্ষে তৃতীয় গ্রেড স্কেল বা সমপর্যায়ের স্কেলধারী হতে হবে। ঢাকা ওয়াসা বোর্ডের কাছে ব্যবস্থাপনা পরিচালক ঢাকা ওয়াসার দৈনন্দিন এবং উন্নয়নমূলক কার্যক্রম পরিকল্পনা ও পরিচালনা এবং ব্যবস্থাপনার জন্য দায়ী থাকবেন। ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালকের কাজের বিস্তারিত বিবরণ পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন ১৯৯৬ অনুযায়ী নির্ধারিত হবে।
২. প্রার্থীর অবশ্যই পানি সরবরাহ, পানি ব্যবস্থাপনা এবং পয়ঃনিষ্কাশন সেক্টরে ২০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৩. আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহারে পারদর্শী হতে হবে।
৪. প্রার্থীর বয়স বিজ্ঞপ্তি প্রকাশের দিনে অনূর্ধ্ব ৬০ বছর হতে হবে। বয়সের প্রমাণস্বরূপ এসএসসি সনদের কপি দাখিল করতে হবে।
৫. উক্ত পদের জন্য বেতন-ভাতা ও সুবিধাদি আলোচনা সাপেক্ষে নির্ধারিত হবে। এছাড়া প্রচলিত নিয়ম অনুযায়ী সার্বক্ষণিক ব্যবহারের জন্য ড্রাইভার ও জ্বালানিসহ একটি গাড়ি, আবাসিক টেলিফোন, মোবাইল ফোন ও তার বিল ঢাকা ওয়াসা কর্তৃপক্ষ প্রদান করবে।
৬. উক্ত পদের জন্য উপযুক্ত বিবেচনা করেন এরূপ প্রার্থীগণ বিস্তারিত বিবরণ সম্বলিত নিজের জীবনবৃত্তান্তসহ আত্মায়ক, কর্মসম্পাদন সহায়তা কমিটি, ঢাকা ওয়াসা এর নিকট আবেদন করতে পারবেন। আবেদনপত্র আগামী ১৫/০৪/২০২৫ তারিখ বিকেল ৩টার মধ্যে নিম্ন ঠিকানার দপ্তরে পৌঁছাতে হবে। আবেদনকারীর সংখ্যার নিরিখে একটি সংক্ষিপ্ত তালিকা প্রনয়ণ করতঃ উক্ত পদে যোগ্য বিবেচিত প্রার্থীগণকে সাক্ষাৎকারের জন্য আহ্বান করা হবে। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৭. আবেদনকারী সর্বশেষ যে প্রতিষ্ঠানে কর্মরত আছেন বা ছিলেন সে প্রতিষ্ঠানের প্রধান অথবা উক্ত প্রতিষ্ঠানের নিয়োগকারী কর্তৃপক্ষের কাছ থেকে প্রার্থীর চাকুরীকাল সন্তোষজনক ছিল মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
৮. কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/স্বশাসিত প্রতিষ্ঠান হতে বরখাস্ত (ডিসমিসড) বা কোন ফৌজদারি আদালতে সাজাপ্রাপ্ত ব্যক্তি উক্ত পদের জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।
৯. কর্তৃপক্ষ যে কোন নিয়োগ বিজ্ঞপ্তি বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

ওয়াসা-জঃতঃ ১১৬/২০২৫

সদস্য-সচিব

কর্মসম্পাদন সহায়তা কমিটি

ঢাকা ওয়াসা

ওয়াসা ভবন, ৯৮ কাজী নজরুল ইসলাম এভিনিউ

কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

DG-385/25 (8"X3)